ঝিনাইদহে করোনা টিকা নিলেন সাবেক প্রতিমন্ত্রী আব্দুল হাই

ঝিনাইদহ সদর হাসপাতাল থেকে কোভিড-১৯ প্রতিরোধক টিকা গ্রহন করলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী আব্দুল হাই এম.পি।

আজ সোমবার দুপুরে ২ টার দিকে তিনি সদর হাসপালে উপস্থিত হয়ে এই টিকা গ্রহণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও মেয়র সাইদুল করিম মিন্টু, ঝিনাইদহ সদর হাসপাতালের ডা. জাকির হোসেন।

একই সাথে করোনার টিকা গ্রহন করলেন ঝিনাইদহের জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক অশোক ধর, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের ত্রাণ ও সমাজ কল্যাণ সম্পাদক ও শৈলকুপা উপজেলা আওয়ামী লীগের যুগ্ম-আহবায়ক সরোয়ার জাহান বাদশা, ঝিনাইদহ পৌর আওয়ামী লীগের তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক মুস্তাফিজুর রহমান মিন্টু।

জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মো: আব্দুল হাই এম পি, টিকা নেওয়ার পর জানান, টিকা নেওয়ার জন্য অনলাইনে নিবন্ধন করার পর মোবাইলে এসএমএম আসে। সেই এসএমএসের নির্ধারিত সময়ে টিকা নিতে এসেছি।

টিকা নেওয়ার ৩০ মিনিটের মধ্যে আমার কোনো পার্শ্ব প্রতিক্রিয়া দেখা যায়নি। কোনো ভয়-ভীতি না নিয়ে সবাইকে টিকা নেওয়ার আহ্বান জানান তিনি।

২৪ মে বিশ্ববিদ্যালয় খুলবে, হল

খুলবে ১৭ মে

আগামী ২৪ মে দেশের সব পাবলিক বিশ্ববিদ্যালয় খুলে দেওয়া হবে এবং তার আগে ১৭ মে বিশ্ববিদ্যালয়ের হলগুলো খুলে দেওয়া হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি।

আজ সোমবার (২২ ফেব্রুয়ারি) দুপুরে আয়োজিত সংবাদ সম্মেলনে এ সিদ্ধান্তের কথা জানান শিক্ষামন্ত্রী।

বিস্তারিত আসছে….

রাতে মাকে নিয়ে দেশ ছেড়েছেন সাকিব

যুক্তরাষ্ট্রের উদ্দেশে দেশ ছেড়েছেন বিশ্বসেরা অলরাউন্ডার সাকিব আল হাসান। সন্তানসম্ভবা স্ত্রীর পাশে থাকতে মাকে নিয়ে যুক্তরাষ্ট্র যাচ্ছেন এই ক্রিকেটার। রোববার দিবাগত রাত ৩ টার দিকে শাহজালাল বিমানবন্দর থেকে বিদেশে পাড়ি জমান তিনি।

সাকিবপত্নী উম্মে আহম্মেদ শিশির তৃতীয় সন্তানের জন্ম দিচ্ছেন। তিনি দুই সন্তানকে নিয়ে যুক্তরাষ্ট্রেই থাকেন।

দীর্ঘদিনের নিষেধাজ্ঞা কাটিয়ে ওয়েস্ট ইন্ডিজ সিরিজ দিয়ে আন্তর্জাতিক ক্রিকেটে ফেরেন সাকিব। তবে ওয়ানডে সিরিজে আলো ছড়ালেও ঊরুর চোটে ছিটকে গেছেন টেস্ট থেকে।

২৩ ফেব্রুয়ারি নিউজিল্যান্ডের উদ্দেশে দেশ ছাড়বেন তামিম ইকবাল, মুশফিকুর রহিমরা। এই দলের সঙ্গে নিউজিল্যান্ড যাওয়ার কথা ছিল সাকিবের। তবে সিরিজ চলাকালীন তৃতীয় সন্তানের পিতা হবেন তিনি। এজন্য বোর্ডের কাছে ছুটি চেয়ে আবেদন করেছিলেন। সাকিবের আবেদন মঞ্জুর করে ছুটি দিয়েছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড। এজন্য নিউজিল্যান্ড সফল মিস করছেন সাকিব।

এদিকে আইপিএলে খেলতে শ্রীলংকার বিপক্ষে টেস্ট থেকে ছুটি চেয়েছেন সাকিব। বিসিসি সেই আবেদনও মঞ্জুর করেছে। এ নিয়ে ব্যাপক সমালোচনা হচ্ছে। এই সমালোচনার মধ্যে সাকিবের কেন্দ্রীয় চুক্তিতে থাকা না থাকা নিয়ে দোলাচল দেখা দিয়েছে।

এর আগে রোববার মাকে সঙ্গে নিয়ে যুক্তরাষ্ট্রগামী বিমানে উঠেছেন সাকিব। বিষয়টি নিশ্চিত করেছেন বিসিবির লজিস্টিক সাপোর্টের দায়িত্বে থাকা কর্মকর্তা ওয়াসিম খান।

কে হচ্ছেন দুদক চেয়ারম্যান

দুর্নীতি দমন কমিশনের (দুদক) নতুন চেয়ারমান কে হচ্ছেন, তা নিয়ে সরকারের উচ্চপর্যায়ে আলোচনা চলছে। বর্তমান চেয়ারম্যান ইকবাল মাহমুদের মেয়াদ ১৩ মার্চ শেষ হচ্ছে। দুদক কমিশনার এএফএম আমিনুল ইসলামের মেয়াদও প্রায় একই সময় শেষ হচ্ছে। এ কারণে সরকারকে এখন দুদকের চেয়ারম্যান ও একজন কমিশনার নিয়োগ দিতে হচ্ছে। এ ধরনের নিয়োগ উচ্চপর্যায়ের কমিটির সুপারিশের ভিত্তিতে দেওয়া হয়।

দুদক আইন অনুযায়ী তিনজন কমিশনারের সমন্বয়ে দুদক গঠিত হয়। কমিশনারদের মেয়াদ পাঁচ বছর। তাদের মধ্য থেকে একজনকে চেয়ারম্যান হিসাবে নিয়োগ দেওয়া হয়। দুদকের নতুন চেয়ারম্যান ও একজন কমিশনার নিয়োগ দিতে সরকার ২৮ জানুয়ারি বাছাই কমিটি গঠন করে। আপিল বিভাগের বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকীকে সভাপতি করে পাঁচ সদস্যের বাছাই কমিটি গঠন করা হয়। কমিটির অন্য সদস্যরা হলেন: হাইকোর্ট বিভাগের বিচারপতি এম ইনায়েতুর রহিম, মহাহিসাবনিরীক্ষক ও নিয়ন্ত্রক মোহাম্মদ মুসলিম চৌধুরী, সরকারি কর্ম কমিশনের (পিএসসি) চেয়ারম্যান মো. সোহরাব হোসাইন এবং অবসরপ্রাপ্ত মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, এরইমধ্যে চেয়ারম্যান হিসাবে বেশ কয়েকজনের নাম আলোচনায় রয়েছে। এ তালিকায় রয়েছেন: সাবেক সেনাপ্রধান ইকবাল করিম ভূঁইয়া, সাবেক আইনসচিব হাবিবুল আউয়াল, দুদকের বর্তমান কমিশনার ড. মোজাম্মেল হক খান, আপিল বিভাগের সাবেক বিচারপতি নাজমুন আরা সুলতানা, এনবিআরের সাবেক চেয়ারম্যান ও

প্রধানমন্ত্রীর সাবেক মুখ্যসচিব নজিবুর রহমান।

এদিকে কমিশনার পদেও বেশ কয়েকজনের নাম আলোচনায় রয়েছে। তাদের মধ্যে রয়েছেন: সাবেক সচিব ও সাবেক দুদকসচিব ফয়জুর রহমান চৌধুরী, সদ্য অবসরে যাওয়া আইনসচিব মাকসুদুর রহমান পাটোয়ারি, দুজন অবসরপ্রাপ্ত জেলা জজ ও সাবেক একজন আইজিপি। জানা গেছে, দুদক চেয়ারম্যান পদে তিনজন থেকে একজনকে এবং কমিশনার পদে তিনজন থেকে একজনকে নিয়োগের প্রস্তাব শিগগির করবে বাছাই কমিটি। দুদক আইনের ধারা ৬-এর অধীন নিয়োগের জন্য রাষ্ট্রপতির কাছে কমিটি সুপারিশ পাঠাবে।

২০০৪ সালের ২১ নভেম্বর তৎকালীন বিএনপি সরকার বিদেশি দাতা সংস্থার চাপে দুর্নীতি দমন কমিশন (দুদক) গঠন করে। বিচারপতি সুলতান হোসেন খানকে দুদকের প্রথম চেয়ারম্যান করা হয়। এ ছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) সাবেক উপাচার্য প্রফেসর মনিরুজ্জামান মিঞা ও আর্থিক ডিভিশনের মনিরউদ্দিন আহমেদকে কমিশনার নিয়োগ করা হয়। কিন্তু ২০০৬ সালের ডিসেম্বর পর্যন্ত দুদককে তারা কার্যকর করতে পারেননি। নিজেদের মধ্যে দূরত্বের কারণে দুদকের বিধিমালাও তারা করতে পারেননি। ফলে বিতর্কিত দুর্নীতি দমন ব্যুরো বিলুপ্ত করা হলেও তিনজনের অনৈক্যে দুদক তখন সোজা হয়ে দাঁড়াতে পারেনি। ২০০৭ সালের ১১ জানুয়ারির পটপরিবর্তনের পর সেনাশাসিত সরকার দুদককে সক্রিয় করে। সাবেক সেনাপ্রধান হাসান মশহুদ উদ্দিন চৌধুরীকে চেয়ারম্যান হিসাবে নিয়োগ দেওয়া হয়। এনবিআরের কমিশনার মনজুর মান্নান ও সাবেক জেলা জজ হাবিবুর রহমানকে কমিশনার হিসাবে নিয়োগ দেওয়া হয়। ২০০৯ সালের নির্বাচনে আওয়ামী লীগ জয়ী হয়ে সরকার গঠন করে। ২০১০ সালের এপ্রিলে দুদক চেয়ারম্যান হাসান মশহুদ চৌধুরী পদত্যাগ করেন। এরপর সাবেক সচিব গোলাম রহমানকে দুদকের চেয়ারম্যান নিয়োগ করা হয়। তার মেয়াদ শেষে দুদকের কমিশনার এম বদিউজ্জামানকে কিছুদিনের জন্য দুদকের চেয়ারম্যান করা হয়। তার মেয়াদ শেষ হলে সাবেক সিনিয়র সচিব ইকবাল মাহমুদকে ২০১৬ সালের মার্চে চেয়ারম্যান হিসাবে নিয়োগ দেওয়া হয়।

ভারত থেকে আরও ২০ লাখ টিকা আসছে আজ

ভারতের সেরাম ইনস্টিটিউটে উৎপাদিত অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার করোনা প্রতিরোধী টিকার দ্বিতীয় চালান আাজ সোমবার দেশে আসার কথা রয়েছে।

তবে ফ্লাইট শিডিউল ঠিক না হওয়ায় কয়টা নাগাদ পৌঁছাবে তা নিশ্চিত করতে পারছে না সংশ্লিষ্টরা।

রোববার মন্ত্রণালয় ও অধিদপ্তরের একাধিক সূত্র যুগান্তরকে এ তথ্য জানিয়েছে।

বেক্সিমকো ফার্মাসিউটিক্যালসের ব্যবস্থাপনা পরিচালক ও সংসদ সদস্য নাজমুল হাসান পাপন গণমাধ্যমে বলেছেন, একুশে ফেব্রুয়ারি এবং রোববার থাকায় দুই দেশেই সরকারি ছুটি চলছে। এজন্য কখন টিকা আসছে সে বিষয় সোমবার সকালে নিশ্চিত হতে পারব। তবে এটি নিশ্চিত যে সোমবারই দেশে সেরামের টিকার দ্বিতীয় চালান আসবে।

এর আগে ১৫ ফেব্রুয়ারি নিজে টিকা নেওয়ার পর ২২ তারিখ টিকার দ্বিতীয় চালান আসার কথা জানিয়েছিলেন নাজমুল হাসান পাপন। ওই দিন তিনি বলেন, টিকার দ্বিতীয় চালান ২১ থেকে ২৫ তারিখের মধ্যে আসবে বলে বলেছিলাম। ২২ তারিখেই চলে আসবে আশা করছি। চুক্তি অনুযায়ী, প্রতি মাসে ৫০ লাখ ডোজ টিকা পাঠানোর কথা থাকলেও এবার কম আসছে। ২০ থেকে ৩০ লাখ ডোজ আসবে।

এদিকে রোববার দুপুরে সেরাম ইনস্টিটিউটের কর্মকর্তা আদর পুনেওয়ালার একটি টুইট ঘিরে বিতর্ক শুরু হয়েছে। টুইটে তিনি লিখেছেন, বিদেশি সরকার এবং রাষ্ট্রীয় নেতাদের জানাচ্ছি- ধৈর্য ধরতে হবে। আমরা চেষ্টা করছি উৎপাদন বাড়াতে। সরকার ভারতের গ্রহীতাদের ভ্যাকসিন আগে দেয়ার সিদ্ধান্ত নিয়েছে। ফলে আমরা আমাদের সরবরাহ ভারতের মধ্যে সীমাবদ্ধ রাখছি প্রাথমিকভাবে। সেরামের কোভশিল্ড ব্রাজিল, মেক্সিকো, বাংলাদেশে সরবরাহ হচ্ছে। অন্য দেশেও যাচ্ছে। পুনেওয়ালার এ টুইটের পর বিভিন্ন দেশে টিকার প্রাপ্যতা নিয়ে সন্দেহের সৃষ্টি হয়েছে।

৩ কোটি ডোজ করোনার টিকা পেতে ৫ নভেম্বর সেরাম ইনস্টিটিউটের

সঙ্গে বাংলাদেশের শীর্ষস্থানীয় ওষুধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস লিমিটেডের চুক্তি হয়। চুক্তি অনুযায়ী, প্রতি মাসে ৫০ লাখ ডোজ টিকা পাঠানোর কথা। দেশে টিকার প্রথম চালান আসে ২৫ জানুয়ারি।

এর আগে উপহার হিসাবে বাংলাদেশে পাঠানো ভারত সরকারের ২০ লাখ টিকা পৌঁছায় ২১ তারিখ। এ টিকা পাওয়ার পর সরকার ২৭ জানুয়ারি দেশে প্রথম টিকা প্রয়োগ শুরু করে। ৭ ফেব্রুয়ারি শুরু হয় গণটিকা কার্যক্রম।

জরুরি সংবাদ সম্মেলনে আসছেন শিক্ষামন্ত্রী

মহামারীর কারণে প্রায় এক বছর ধরে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রয়েছে। তবে করোনাভাইরাসের প্রাদুর্ভাব কিছুটা কমে যাওয়ায় সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয় খুলে দেওয়ার চিন্তাভাবনা করছে সরকার।

এরই মধ্যে হল খুলে দেওয়ার দাবিতে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা আন্দোলনও শুরু করেছেন।

এ অবস্থায় আজ সোমবার জরুরি সংবাদ সম্মেলনে আসছেন শিক্ষামন্ত্রী দীপু মনি।

শিক্ষা মন্ত্রণালয় থেকে পাঠানো বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, করোনাকালে উচ্চশিক্ষার বিভিন্ন বিষয় নিয়ে শিক্ষামন্ত্রী অনলাইন সংবাদ সম্মেলন করবেন। দুপুর ২টায় এ সংবাদ সম্মেলন হবে।

গত বছরের ১৭ মার্চ থেকে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রয়েছে। কয়েক ধাপে বাড়ানোর পর ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত ছুটি ঘোষণা করা হয়েছে।

আগরতলা ষড়যন্ত্র মামলায় বঙ্গবন্ধুর মুক্তি স্মরণে ডাকটিকেট অবমুক্ত

আজ ঐতিহাসিক ২২ ফেব্রুয়ারি। ১৯৬৯ সালের এই দিনে আগরতলা ষড়যন্ত্র মামলায় কারাগার থেকে মুক্তি পান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

দিনটি স্মরণে স্মারক ডাকটিকেট, উদ্বোধনী খাম ও ডাটা কার্ড প্রকাশ করেছে ডাক অধিদপ্তর।

ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তাফা জব্বার আজ সোমবার (২২ ফেব্রুয়ারি) ঢাকায় নিজের দপ্তরে এ বিষয়ে ১০ টাকা মূল্যমানের একটি স্মারক ডাকটিকেট ও ১০ টাকা মূল্যমানের একটি উদ্বোধনী খাম অবমুক্ত করেন। এছাড়া ৫ টাকা মূল্যমানের একটি ডাটাকার্ড উদ্বোধন করা হয়। এ সংক্রান্ত একটি সিলমোহর ব্যবহার করেন মন্ত্রী।

আজ থেকে স্মারক ডাকটিকেট, উদ্বোধনী খাম ও ডাটাকার্ড ঢাকা জিপিও’র ফিলাটেলিক ব্যুরো এবং পরে দেশের অন্যান্য জিপিও এবং প্রধান ডাকঘর থেকে সংগ্রহ করা যাবে।

এ বিষয়ে মন্ত্রী বিবৃতিতে আগরতলা ষড়যন্ত্র মামলাকে বঙ্গবন্ধুর নেতৃত্বে বাংলার স্বাধীকার প্রতিষ্ঠার আন্দোলনের ২৩ বছরের ইতিহাসের একটি বিস্ময়কর ও গৌরবময় ঘটনা উল্লেখ করেন। তিনি বলেন, এ মামলাকে কেন্দ্র করেই ঊনসত্তরের গণঅভ্যূত্থানের সৃষ্টি হয়।

মোস্তাফা জব্বার বলেন, ১৯৬৮ সালের ২১ এপ্রিল পাকিস্তান সরকার বিচার প্রক্রিয়া শুরুর উদ্যোগ নেয়। ১৯ জুন ঢাকা ক্যান্টনমেন্টের বিশেষ ট্রাইব্যুনালে অভিযুক্তদের বিচার শুরু হয়। বঙ্গবন্ধুর মুক্তির দাবিতে সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদ রাজপথে গণআন্দোলন গড়ে তোলেন। সেই সঙ্গে জনসমুদ্রের উত্তাল তরঙ্গ বিশাল শক্তি নিয়ে মানুষের মধ্যে নতুন চেতনার স্ফুরণ ঘটায়। ১৪৪ ধারা ভঙ্গ করে মানুষ রাস্তায় নেমে আসে।

ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী বলেন, এ মামলার অভিযুক্ত প্রত্যেকের পরিবারকে সে সময় অনেক প্রতিকূলতার মধ্য দিয়ে দিন অতিবাহিত করতে

হয়েছে। বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রায় প্রতিদিনই তার পিতার সঙ্গে দেখা করতে যেতেন।

মন্ত্রী আরো বলেন, এক সময় শেখ মুজিবকে সরকার প্যারোলে মুক্তি দিতে চাইলে বঙ্গবন্ধুর স্ত্রী বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব শেখ হাসিনার মাধ্যমে শেখ মুজিবকে খবর পাঠিয়ে মুক্তি নিতে বারণ করেন। গণঅভ্যূত্থানে দিশেহারা আইয়ুব খান ষড়যন্ত্র মামলা প্রত্যাহার করতে বাধ্য হন এবং এরই ধারাবাহিকতায় বঙ্গবন্ধু ২২ ফেব্রুয়ারি ১৯৬৯ সালে বন্দিত্ব থেকে মুক্তি লাভ করেন।

মুজিবনগরে ভৈরব নদীতে নিষিদ্ধ গিটি জাল আটক ভ্রাম্যমাণ আদালত পরিচালনা

মেহেরপুরের মুজিবনগরে ভৈরব নদীতে ১৫০০ বর্গ মিটার মাছ ধরার নতুন পদ্ধতি দোয়াড়ি আকৃতির চায়না গিটি জাল আটক করে মুজিবনগর উপজেলা মৎস অফিস।

আজ সোমবার সকাল সাড়ে ১০ টার দিকে উপজেলার দারিয়াপুর দক্ষিণ পাড়া মসজিদের সামনে ভৈরব নদীতে পাতা অবস্থায় এ সমস্ত জাল আটক করা হয়।

মুজিবনগর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম জানান, উপজেলা মৎস্য অফিসের লিফ জিয়াউর রহমান ও আনিছুর রহমানের তথ্যের ভিত্তিতে উপজেলা মৎস্য অফিসের ক্ষেত্র সহকারি আহসান হাবিব সহ উপজেলা মৎস্য বিভাগ ভৈরব নদীতে অভিযান পরিচালনা করে এ সমস্ত নিষিদ্ধ জাল পানির নিচে পাতা অবস্থায় স্থানীয়দের সহযোগীতায় উদ্ধার করা হয় কিন্তু জালের মালিককে খুজে পাওয়া যায়নি উদ্ধার কৃত জালের মূল্য প্রায় ৪০ হাজার টাকা।

পরে সেখানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়।

ভ্রাম্যমাণ আদালত নির্বাহী ম্যাজিস্ট্রেট ও মুজিবনগর উপজেলা সহকারি কমিশনার (ভূমি) নাজমুল আলম জানান, মৎস্য সংরক্ষন আইন ১৯৫০

এর ধারা অনুযায়ী নিষিদ্ধ উদ্ধার কৃত ১৫০০ বর্গমিটার জাল জন সম্মুখে পুড়িয়ে বিনিষ্ট করা হয়।

এ সময় ভ্রাম্যমাণ আদালতকে সহযোগীতা করেন মুজিবনগর থানার সেকেন্ড অফিসার এস আই মোমিনুর রহমান ও সঙ্গীও ফোর্স।

কর কমিশনারের কার্যালয়ে ১৩ জনের চাকরির সুযোগ

কর কমিশনারের (আপীল) কার্যালয়, কর আপীল অঞ্চল-৩, ঢাকায় ০৭টি পদে ১৩ জনকে নিয়োগ দেওয়া হবে। আগ্রহীরা আগামী ০৭ মার্চ পর্যন্ত আবেদন করতে পারবেন।

প্রতিষ্ঠানের নাম: কর কমিশনারের (আপীল) কার্যালয়, কর আপীল অঞ্চল-৩, ঢাকা

পদের বিবরণ

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী)	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার স্থায়ী বাসিন্দা/ নাগরিকগণ আবেদন করতে পারবেন
১	২	৩	৪	৫
১।	কম্পিউটার অপারেটর গ্রেড-১১ (১২৫০০-৩০২৩০)	০১ (এক) টি	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং খ) কম্পিউটার টাইপিং গতি প্রতি মিনিটে ২৫ (বাংলা) এবং ৩০ (ইংরেজি) শব্দ।	ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, মাদারীপুর, টাঙ্গাইল, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা।
২।	সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) (১১০০০-২৬৫৯০)	০১ (এক) টি	ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং খ) সাঁটলিপি লিখনে গতি প্রতি মিনিটে ৫০ (বাংলা), ৮০ (ইংরেজি) শব্দ, কম্পিউটার টাইপিং গতি প্রতি মিনিটে ২৫ (বাংলা) এবং ৩০ (ইংরেজি) শব্দ।	
৩।	উচ্চমান সহকারী গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০)	০২ (দুই) টি	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং খ) কম্পিউটার বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ (স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার চালনা সম্পর্কিত কোর্স)।	
৪।	সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪) (১০২০০-২৪৬৮০)	০১(এক) টি	ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং খ) সাঁটলিপি লিখনে গতি প্রতি মিনিটে ৪৫ (বাংলা), ৭০ (ইংরেজি) শব্দ, কম্পিউটার টাইপিং গতি প্রতি মিনিটে ২৫ (বাংলা) এবং ৩০ (ইংরেজি) শব্দ।	
৫।	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০)	০৪ (চার) টি	ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং খ) কম্পিউটার টাইপিং গতি প্রতি মিনিটে ২০ (বাংলা) এবং ২০ (ইংরেজি) শব্দ।	
৬।	মেশিন অপারেটর গ্রেড-১৮ (৮৮০০-২১৩১০)	০১ (এক) টি	ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং খ) ফটোকপি মেশিন চালনার বাস্তব অভিজ্ঞতা।	
৭।	অফিস সহায়ক গ্রেড-২০ (৮২৫০-২০০১০)	০৩ (তিন) টি	কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	ঢাকা, গাজীপুর, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোনা, শেরপুর।

[illegible]: [illegible]
[illegible]: [illegible]-[illegible]
[illegible]: [illegible] [illegible] [illegible]

[illegible]: [illegible] [illegible] [illegible] [illegible]-[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible]: [illegible] www.taz3.teletalk.com.bd [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]-[illegible] [illegible] [illegible] [illegible]-[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible]: [illegible] [illegible]-[illegible] [illegible] [illegible] [illegible]-[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible], [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

আবেদনের শেষ সময়: ০৭ মার্চ ২০২১ তারিখ বিকেল ০৫টা পর্যন্ত আবেদন করতে পারবেন।

সূত্র: জাগোজবস ডটকম

জরুরি সংবাদ সম্মেলনে আসছেন শিক্ষামন্ত্রী

করোনার কারণে দীর্ঘ এক বছর ধরে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রয়েছে। বর্তমানে করোনার প্রাদুর্ভাব কিছুটা কমে যাওয়ায় সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয় খুলে দেওয়ার চিন্তাভাবনা করা হচ্ছে। এ নিয়ে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা আন্দোলনও শুরু করেছে। এ অবস্থায় আজ (সোমবার) জরুরি সংবাদ সম্মেলনে আসছেন শিক্ষামন্ত্রী।

শিক্ষা মন্ত্রণালয় থেকে পাঠানো বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, করোনাকালে উচ্চশিক্ষার বিভিন্ন বিষয় নিয়ে শিক্ষামন্ত্রী অনলাইন সংবাদ সম্মেলন করবেন। সোমবার দুপুর ২টায় এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হবে।

গত বছরের ১৭ মার্চ থেকে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রয়েছে। কয়েক ধাপে বাড়ানোর পর ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত ছুটি ঘোষণা করা হয়েছে।

শিক্ষাপ্রতিষ্ঠান খোলা নিয়ে ৩০ জানুয়ারি উচ্চ মাধ্যমিক ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, ‘আমরা আশা করছি হয়তো আগামী মার্চ-এপ্রিল…..মার্চ মাসটা আমরা দেখবো, কারণ আমাদের দেশে মার্চ মাসেই ব্যাপকহারে করোনাভাইরাস শুরু হয়েছিল। এই ফেব্রুয়ারি মাস নজরে রাখব। যদি ফেব্রুয়ারিতে ভালো থাকে পরবর্তীতে সীমিত আকারে শিক্ষাপ্রতিষ্ঠান খোলার চিন্তা ভাবনা আছে।’

তিনি আরও বলেন, ‘এজন্য দরকার সবাইকে স্বাস্থ্য সুরক্ষা মেনে চলা ও করোনাভাইরাস মোকাবেলায় যা যা ব্যবস্থা আছে তা গ্রহণ করা। আর ভ্যাকসিন তো সবাই পেয়ে যাবেন।’

গত ২২ জানুয়ারি করোনা পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি নিশ্চিত করে শিক্ষাপ্রতিষ্ঠান খুলতে গাইডলাইন প্রকাশ করে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর। এ গাইডলাইন অনুসরণ করে সব শিক্ষাপ্রতিষ্ঠান খোলার প্রস্তুতি নিতে বলা হয়। স্কুল-কলেজগুলোতে ৩৯ পাতার গাইডলাইন পাঠিয়ে বলা হয়, ৪ ফেব্রুয়ারির মধ্যে স্কুলগুলো প্রস্তুত করে রাখতে, যাতে যে কোনো মুহূর্তে সেগুলো খুলে দেয়া যেতে পারে।

সংশ্লিষ্টরা জানিয়েছেন, প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী ফেব্রুয়ারি মাসে শিক্ষাপ্রতিষ্ঠান খোলা হচ্ছে না। তবে পহেলা মার্চ থেকে দেশের সব পাবলিক-প্রাইভেট বিশ্ববিদ্যালয় খুলে দেওয়ার চিন্তাভাবনা চলছে। সে কারণে আজ দুপুরে শিক্ষামন্ত্রী জরুরি সংবাদ সম্মেলন ডেকেছেন।